

মর্যাদাপূর্ণ সহাবস্থান

# সহিংসতার অবসান



ACID  
SURVIVORS  
FOUNDATION

এসিড সারভাইভারস ফাউন্ডেশন  
প্লট: এ/৫, ব্লক: এ, ৬ষ্ঠ ও ৭ম তলা  
সিআরপি ভবন, মিরপুর: ১৪, ঢাকা: ১২০৬  
ফোন: ০৯৬৭৮৭৭৭১৪৮, ০৯৬৭৮৭৭৭১৪৯  
ই-মেইল: [asf@acidsurvivors.org](mailto:asf@acidsurvivors.org)  
ওয়েব সাইট: [www.acidsurvivors.org](http://www.acidsurvivors.org)  
হটলাইন: ০৯৭১৩০১০৪৬৯

THE  
HUNGER  
PROJECT



ACID  
SURVIVORS  
FOUNDATION



বিশ্ব মানচিত্রে বাংলাদেশের জন্য একটি মর্যাদাপূর্ণ অবস্থান প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে নারী-পুরুষের সম্মিলিত এবং সম অংশগ্রহণের কোন বিকল্প নেই। আমাদের দেশের মূল জনসংখ্যার অর্ধেকই নারী। কিন্তু শিক্ষা, স্বাস্থ্য এবং অর্থনৈতিক কর্মকাণ্ডসহ সকল ক্ষেত্রেই নারীর অবস্থান পুরুষের তুলনায় এখনও অনেক পিছিয়ে। নারীর এই পিছিয়ে পড়ার কারণ সামাজিক, যার ভিত্তি বিভিন্ন ধরনের নির্যাতন ও বৈষম্যমূলক আচরণ। এগুলোর মধ্যে আছে নারীর স্বাধীন চলাফেরা ও মতামত প্রকাশে বাধা দেওয়া, অপবাদ দেওয়া, অপমানিত করা, বিকাশের সুযোগ থেকে বঞ্চিত করা, দুর্ব্যবহার করা, শিশুবিবাহ, যৌন হয়রানি, যৌতুকের দাবি, পাচার ও পতিতাবৃত্তিতে নিয়োজিত করা, ধর্ষণ এবং এসিড বা দাহ্য পদার্থ নিষ্ক্ষেপসহ নানাবিধ কর্মকাণ্ড। শুধুমাত্র আইনের মাধ্যমে পরিপূর্ণভাবে এই অবস্থার মোকাবেলা করা সম্ভব নয়। এজন্য প্রয়োজন ব্যাপক জনসচেতনতা সৃষ্টি এবং একটি কার্যকর সামাজিক আন্দোলন। বাংলাদেশের মুক্তিযুদ্ধসহ বিশ্বের ইতিহাসে যেকোন পরিবর্তন সৃষ্টিতে যুবসমাজ পালন করেছে অগ্রণী ভূমিকা। এদেশের যুবসমাজও নিজেরা সচেতন হওয়া এবং অন্যকে সচেতন করার মধ্য দিয়েই একে অপরের (নারী এবং পুরুষের) মধ্যে শ্রদ্ধাপূর্ণ সামাজিক সম্পর্ক প্রতিষ্ঠার সূচনা করতে পারে, যার মধ্য দিয়ে অবসান হতে পারে নারীর প্রতি সকল সহিংস আচরণের। এই বোধ থেকেই এসিড সারভাইভারস ফাউন্ডেশন ও দি হান্সার প্রজেক্ট যৌথভাবে স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীদের দ্বারাই, তাদের মধ্যেই ব্যাপকভাবে সচেতনতা বৃদ্ধির জন্য “মর্যাদাপূর্ণ সহাবস্থান, সহিংসতার অবসান” শীর্ষক প্রচারাভিযান কর্মসূচি শুরু করেছে। এই কর্মসূচির মাধ্যমে ছাত্র যুব সমাজের প্রতি আমাদের উদাত আহবান:

- শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল ক্ষেত্রে নারীর প্রতি সংঘটিত সকল ধরনের সহিংসতার বিরুদ্ধে রুখে দাঁড়াবেন;
- শিক্ষার পাশাপাশি সৃজনশীল সামাজিক সাংস্কৃতিক কর্মকাণ্ড চর্চার মাধ্যমে সমাজের প্রতি দায়বদ্ধতা অনুভব করবেন;
- নারী ও পুরুষের মধ্যে শ্রদ্ধাপূর্ণ সামাজিক সম্পর্ক প্রতিষ্ঠার মাধ্যমে পরিবার, সমাজ ও রাষ্ট্রের সকল ক্ষেত্রে নারী পুরুষের সম অংশগ্রহণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হবেন।

নাম:..... অংশগ্রহণকারীর ধরন:

স্কুল:.....  শিক্ষার্থী

শ্রেণি:.....এলাকা:.....  অভিভাবক

ফোন:.....ই-মেইল:.....  শিক্ষক

আমার প্রতিশ্রুতি  স্কুল কর্তৃপক্ষ

জনপ্রতিনিধি

সাংবাদিক

অন্যান্য